গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
সংস্থাপন শাখা
www.rajshahi.gov.bd

নম্বর : ০৫.৪৩.৮১০০.০১২..০১.০০৮.২৬-১৭৭

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ ব. / ০৭ জুলাই ২০২৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট শাখার ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৮.২৫-৭০ নং স্মারক এবং ২৫ জুন ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৮.২৫.৪৪ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ (ওয়েবসাইটে https://dcrajshahi.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ০৫(পাঁচ) | গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | সহকারী বাবুর্চি (সার্কিট হাউসের জন্য) | ০১(এক) | গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) রান্নার কাজে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |

আবেদনের শর্তাবলী:

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(২) আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

(৩) বিজ্ঞপ্তির নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

(৪) প্রার্থীর বয়সসীমা ০৯/০৭/২০২৬ খ্রি. তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া, বয়সসীমা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

(৫)লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি সঙ্গে আনতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(গ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/ মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র;

(ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(চ) এতিম/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি পরিচয়পত্র বিষয়ক সনদপত্র;

(ঝ) ডাউনলোডকৃত Applicant's কপি।

(৬) কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

(৭) এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে "জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪) অনুসরণ করা হবে।

(৮) চাকরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(৯) নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১০) কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন/ সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১১) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

(১২) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

চলমান পাতা-২

(১৩) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcrajshahi.teletalk.com.bd) এ ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা হবে ০৯/০৭/২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা হতে ২৯/০৭/২০২৬ খ্রি. বিকাল ০৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) অনলাইন আবেদনপত্রে উল্লিখিত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বে আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল তথ্য বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়, বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর (সংযুক্ত থাকা) এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষা ফি বাবদ ০১ হতে ০২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- ( ছাপান্ন) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ সকল গ্রেডের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : DCRAJSHAHI <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCRAJSHAHI ABCDEF

Reply : Applicant's Name, Tk,56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCRAJSHAHI Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS DCRAJSHAHI <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCRAJSHAHI YES 12345678 and send to 16222.

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCRAJSHAHI Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DCRAJSHAHI <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DCRAJSHAHI Help User 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে: DCRAJSHAHI <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: DCRAJSHAHI Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (সংস্থাপন শাখা) www.rajshahi.gov.bd এর ওয়েবসাইটে এবং https://dcrajshahi.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.rajshahi.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dcrajshahi@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCRAJSHAHI, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

কাজী শহিদুল ইসলাম
জেলা প্রশাসক
রাজশাহী
ফোনঃ ০২৫৮৮৮৫৭০৫০
ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৩.৮১০০.০১২..০১.০০৮.২৬-১৭৭(১৫০)

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ ব. / ০৭ জুলাই ২০২৬ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. জেলা প্রশাসক,.................................................(সকল)
৭. পুলিশ সুপার, রাজশাহী
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
৯. সিভিল সার্জন, রাজশাহী
১০. উপপরিচালক, ............................................. অধিদপ্তর, রাজশাহী
১১. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
১২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/শিক্ষা ও আইসিটি/রাজস্ব/সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
১৪. জেলা .....................................................কর্মকর্তা, রাজশাহী
১৫. চেয়ারম্যান,..............................উপজেলা পরিষদ, রাজশাহী
১৬. মেয়র,......................................... পৌরসভা,.............................রাজশাহী
১৭. উপজেলা নির্বাহী অফিসার, পবা/গোদাগাড়ী/তানোর/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা, রাজশাহী
১৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, রাজশাহী
১৯. সহকারী কমিশনার (ভূমি), বোয়ালিয়া/পবা/গোদাগাড়ী/তানোর/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা, রাজশাহী
২০. সহকারী কমিশনার,.......................................... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
২১. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, রাজশাহী
২২. উপজেলা হিসাব রক্ষণ অফিসার,পবা/গোদাগাড়ী/তানোর/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা, রাজশাহী
২৩. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ রোড #১৭, গুলশান-১, ঢাকা-১২১২
২৪. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
২৫. সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক.........................................................................। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ৪ × ২১" (কলাম/ইঞ্চি) এক দিন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২৬. ওয়েবসাইট/ নোটিশ বোর্ড

কাজী শহিদুল ইসলাম
জেলা প্রশাসক
রাজশাহী